

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৫- ৯৪৪

তারিখঃ ২৯.১২.২০১৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে ঢাকার খিলক্ষেত থানায় ফৌজদারী মামলা নং-১১(৯)১৬নং মামলা দায়ের করা হয়;


যেহেতু, নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী-২০০৩ এর ১০, জিআর নং-১৩৪/১৬) মোতাবেক তার বিরুদ্ধে চার্জ গঠন করা হয় এবং বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকায় গত ২৬.১০.২০১৬ তারিখে শুনানী গ্রহণ করা হয়। শুনানী গ্রহণ অন্তে বিজ্ঞ আদালত ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯) এর জামিন না মঞ্জুর করে তাকে জেলহাজতে প্রেরণের নির্দেশ প্রদান করেন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকাকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ২৬.১০.২০১৬খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।



(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৫- ৯৪৪/১ (৯)

তারিখঃ ২৯.১২.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
- ৪। উপ-সচিব (পার-১/পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৬। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৯। ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক (নেফ্রোলজি), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।


(আসমা তাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd